# 'ব্যান্সডক ইন্টার্ণশীপ নীতিমালা-২০১৬'[১]

প্রতিষ্ঠানের নাম ঃ বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক)

২। অবস্থান ঃ ই-১৪/ওয়াই, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৩। প্রয়োজনীয়তা

বাংলাদেশে বর্তমানে প্রতি বছর কয়েক হাজার শিক্ষার্থী তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর/স্নাতক/ডিপ্লোমা ডিগ্রী প্রাপ্ত হচ্ছে। পর্যাপ্ত বাস্তব অভিজ্ঞতা না থাকায় চাকরি জীবনে প্রবেশের ক্ষেত্রে নানাবিধ প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছে। এই কার্যক্রমের আওতায় তথ্য ব্যবস্থাপনার ও প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা অর্জনের জন্য ইন্টার্ণশীপ প্রদান করা হবে। এই কার্যক্রমের মাধ্যমে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ছাত্র/ছাত্রীদের প্রাতিষ্ঠানিক শিক্ষা শেষে বাস্তব অভিজ্ঞতা অর্জন এবং তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে দক্ষতা বৃদ্ধি, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং তথ্য ব্যবস্থাপনা বিষয়ক দক্ষ জনবল গড়ে তোলা সম্ভব হবে।

৪। লক্ষ্য ও উদ্দেশ্য

ক) তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে প্রাতিষ্ঠানিক শিক্ষা সমাপনান্তে সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জনের সুযোগ সৃষ্টি;

(খ) দেশের তথ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে অধিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;

(গ) তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনার ক্ষেত্রে মানব সম্পদ উন্নয়ন এবং পেশাগত অভিজ্ঞতা সম্পন্ন তথ্য ব্যবস্থাপকদের একটি দক্ষ জনসমষ্টি তৈরী করা এবং

(ঘ) শিক্ষানবিশদের লব্ধ জ্ঞান ও অভিজ্ঞতা দেশের সার্বিক কর্মকান্ডে কাজে লাগানো।

৫। শিক্ষানবিশদের মেয়াদ

শিক্ষনবিশদের মেয়াদ ০১(এক) মাস হবে, প্রয়োজনে অনধিক ৩ মাস পর্যন্ত হতে পারে[২]। ব্যাচের প্রত্যেক শিক্ষানবিশ কোর্স মডিউল অনুযায়ী ব্যান্সডক-এর প্রতিটি শাখায় সংযুক্ত থেকে হাতে কলমে কাজ করে প্রতি শাখার কার্যক্রমের বাস্তব অভিজ্ঞতা অর্জন করবেন। প্রয়োজনে কয়েকটি তাত্ত্বিক ক্লাসের ব্যবস্থা করা যেতে পারে।

৬। শিক্ষানবিশের সংখ্যা

ইন্টার্ন সংখ্যা প্রতি ব্যাচে ২০ (বিশ) জন হতে পারে এবং বছরে ৪ (চার) টি ব্যাচে শিক্ষানবিশের ব্যবস্থা করা হবে। তবে ব্যাচ ও ইন্টার্ন সংখ্যা বাজেট সংকুলান সাপেক্ষে হ্রাস-বৃদ্ধি হতে পারে।

৭। শিক্ষনবিশদের যোগ্যতা

দেশের সরকারি বিশ্ববিদ্যালয়সমূহের তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে (১) এক বৎসর মেয়াদী পোস্ট-গ্রাজুয়েট ডিপ্লোমা/ (২) স্নাতক (সম্মান)/ (৩) স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে বা সমতুল্য বিষয়ে সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মধ্য হতে বিশ্ববিদ্যালয়/শিক্ষ প্রতিষ্ঠানের অনুমোদনক্রমে নিয়োগ দেয়া হবে। তবে বেসরকারি পর্যায়ে চাহিদা থাকলে তা বিবেচনা করা যেতে পারে।

৮। শিক্ষানবিশ নির্বাচন

সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় চেয়ারম্যানের সুপারিশের ভিত্তিতে শিক্ষানবিশ নির্বাচন করা হবে।

৯। শিক্ষানবিশ ও সংশ্লিষ্টদের ভাতা

(ক) একজন শিক্ষনবিশকে মাসিক টাঃ ১৫,০০০/- হারে ভাতা প্রদান করা হবে[৩]।

(খ) শিক্ষানবিশদের তাত্ত্বিক ক্লাসে বহিরাগত বিশেষজ্ঞ প্রশিক্ষকগণ কোর্স মডিউল অনুযায়ী ক্লাস পরিচালনা করবেন। এক ঘন্টার ক্লাস প্রতি বহিরাগত প্রশিক্ষকদের টাঃ ১৫০০/- হারে সম্মানী প্রদান করা হবে।

১২/০৪/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্যান্সডক পরিচালনা বোর্ডের ১৮তম সভায় অনুমোদিত-

১. 'তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনায় শিক্ষনবিশদের নীতিমালা-২০১৫' এর পরিবর্তে 'ব্যান্সডক ইন্টার্ণশীপ নীতিমালা-২০১৬' প্রতিস্থাপন।

২. 'শিক্ষানবিশদের মেয়াদ অনধিক ৩ মাস হবে এর পরিবর্তে' 'শিক্ষনবিশদের মেয়াদ ০১(এক) মাস হবে, প্রয়োজনে অনধিক ৩ মাস পর্যন্ত হতে পারে' প্রতিস্থাপন।

৩. 'একজন শিক্ষানবিশকে মাসিক টাঃ ১০,০০০/- হারে সম্মানী প্রদান করা হবে' এর পরিবর্তে 'একজন শিক্ষনবিশকে মাসিক টাঃ ১৫,০০০/- হারে ভাতা প্রদান করা হবে' প্রতিস্থাপন।

Md. Moniruzzaman
... BANSDOC

মোঃ মোজাম্মেল হক
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা

(গ) কোর্স পরিচালনা কমিটি নিম্নরূপ:

(১) মহাপরিচালক, ব্যান্সডক - সভাপতি
(২) সকল শাখা প্রধান - সদস্য
(৩) কোর্স কো-অর্ডিনেটর - সদস্য-সচিব

কমিটি প্রয়োজন অনুযায়ী অন্য সদস্য কো-অপট করতে পারবে।

(ঘ) প্রতিটি ব্যাচ পরিচালনার জন্য কমিটির সদস্যদের প্রত্যেককে টাঃ ৫,০০০/- হারে সম্মানী প্রদান করা হবে। সরকার কর্তৃক সময় সময় জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে সম্মানী বৃদ্ধি করা হলে, এ ক্ষেত্রে তা অনুসরন করা হবে।

(ঙ) প্রত্যেক শিক্ষানবিশকে প্রয়োজনীয় প্রশিক্ষণ কীট (খাতা, কলম ও ব্যাগ) সংস্থা থেকে সরবরাহ করা হবে। প্রতিদিন একবার নাস্তা প্রদান করা হবে।

১০। শিক্ষানবিশদের বাধ্যবাধকতা

ক) শিক্ষানবিশগণ স্ব-উদ্যোগে আবাসনের ব্যবস্থা করবে;
খ) ব্যান্সডক কর্তৃক নির্ধারিত কার্য তালিকা যথাযথভাবে অনুসরন করতে হবে;
গ) শিক্ষনবিশগণকে ব্যান্সডক-এর আভ্যন্তরীণ নিয়ম-কানুন মেনে চলতে হবে;
ঘ) সংস্থার যন্ত্রপাতি এবং স্থাপনাসমূহ যত্নের সাথে ব্যবহার করতে হবে;
ঙ) শিক্ষনবিশ শেষে ব্যান্সডক-এর বিভিন্ন শাখার কার্যাবলী এবং অন্যান্য বিষয়াদি সমন্বয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন কোর্স কো-অর্ডিনেটর-এর নিকট দাখিল করতে হবে।

১১। কোর্স মডিউল

কোর্স পরিচালনা কমিটি কোর্স মডিউল তৈরী করবেন এবং সংস্থার মহাপরিচালকের অনুমোদনপূর্বক উক্ত কোর্স মডিউল অনুযায়ী কোর্স পরিচালিত হবে।

১২। মূল্যায়ন ও মনিটরিং

(ক) শিক্ষনবিশ কার্যক্রম শেষে প্রশিক্ষণার্থীর লব্ধ জ্ঞান এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সেবা পদ্ধতির উপর একটি চুড়ান্ত মূল্যায়ন পরীক্ষা গ্রহণ করা হবে এবং ভাল ফলাফল অর্জনকারীদের পুরস্কৃত করে মেধা বিকাশে উৎসাহ প্রদান করা হবে।

(খ) শিক্ষনবিশদের সমাপনী অনুষ্ঠানের মাধ্যমে সনদপত্র প্রদান করা হবে।

১৩। শিক্ষানবিশ কার্যক্রম বাস্তবায়নের জন্য বাজেট

(ক) শিক্ষনবিশ কার্যক্রম সরকারের রাজস্ব বাজেট থেকে বাস্তবায়ন করা হবে এবং বাস্তবায়নের জন্য বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) এর রাজস্ব বাজেটের অন্তর্ভূক্ত হবে।

(খ) শিক্ষনবিশ পরিচালনা কমিটি প্রতিটি ব্যাচের জন্য বাজেট প্রণয়ন করবে এবং ব্যয় নির্বাহ করবে।

১৪। অধিকার সংরক্ষণ

(ক) এতদ্‌সংক্রান্ত যে কোন সমস্যার সমাধান ও প্রয়োজনবোধে নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করার ক্ষমতা ব্যান্সডক সংরক্ষণ করে।

(খ) কোন ইন্টার্ন, প্রতিষ্ঠানের নিয়ম শৃংখলা ভঙ্গ করলে অথবা কারো অসদাচরণ পরিলক্ষিত হলে ব্যান্সডক কর্তৃপক্ষ তাকে অব্যাহতি দেয়ার অধিকার সংরক্ষণ করে।

Md. Moniruzzaman
SRO, BANSDOC.
Ministry of Science & Technology

২৫-০৮-২০১৬
মোঃ মোজাম্মেল হক
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
(উপসচিব)
ব্যান্সডক
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

২৫-০৮-১৬